



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়,
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

Email No: shahjadpur@uhfpo.dghs.gov.bd

স্মারক: স্বাস্থ্য/শাহ/২১/

তারিখঃ- /০১/২০২১ইং

অফিস আদেশ

স্মারক নং স্বাঃঅধিঃ/হাসঃ/বিবিধ/২০২১/১৪৭ তারিখ ২১/০১/২০২১ইং মোতাবেক অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শাহজাদপুর, সিরাজগঞ্জসহ এর আওতাধীন উপ-স্বাস্থ্য কেন্দ্র সমূহ এবং শাহজাদপুর উপজেলার সকল চিকিৎসকগণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, নিম্নবর্ণিত দিক নির্দেশনা গুলি মেনে রোগী ভর্তি এবং চিকিৎসা সেবা প্রদান করার জন্য নির্দেশ প্রদান করা হইল।

*আদেশটি জনস্বার্থে জারী করা হইল।

* বিষয়টি অতিব জরুরী

১। অফিস চলাকালীন সময়ে কোন সরকারী চিকিৎসক প্রাইভেট প্র্যাকটিস করতে পারবে না।

২। বহিঃ বিভাগে রোগী দেখার ক্ষেত্রে রোগী রেজিস্টার খাতায় ক্রমিক নং, রেজি নং, রোগীর নাম, বয়স, লিঙ্গ, সম্ভাব্য ডায়াগনসিস ও সংক্ষিপ্ত ভাবে প্রদেয় চিকিৎসার বিবরণ স্পষ্টভাবে রেকর্ড করতে হবে, যাতে ডিজিজ প্রোফাইল সম্পর্কে ধারণা পাওয়া যায়।

৩। বহিঃ বিভাগে রোগী দেখার সময় যে সমস্ত প্যাথলজিক্যাল পরীক্ষা সরকারি হাসপাতাল থেকে করানো সম্ভব সেগুলো অবশ্যই সরকারি হাসপাতাল থেকে করতে হবে। এ সকল পরীক্ষা কোনক্রমেই যেন বাহির থেকে করানো না হয়। কেবল মাত্র যে সকল পরীক্ষা সরকারি হাসপাতালে করা হয় না সে সকল পরীক্ষা/ইনভেস্টিগেশন বাহির থেকে করানোর পরামর্শ প্রদান করা যেতে পারে।

৪। বহিঃ বিভাগের টিকিটে সংশ্লিষ্ট ডাক্তারের ব্যক্তিগত সীল ব্যবহার করা যাবে না।

৫। অফিস চলাকালীন সময়ে হাসপাতাল চত্তরে কোন প্রাইভেট ক্লিনিকের দালাল ও এ্যাম্বুলেন্স প্রবেশ সম্পূর্ণভাবে নিষিদ্ধ করতে হবে।
ঔষধ কোম্পানীর প্রতিনিধিদেরকে সপ্তাহে সর্বোচ্চ ০২ দিন দুপুর ১ টার পর প্রবেশ/ ভিজিট করার অনুমতি প্রদান করা যেতে পারে।

৬। সরকারি চিকিৎসকগণ অফিস সময়ের পরে প্রাইভেট প্র্যাকটিস করার ক্ষেত্রে অবশ্যই চিকিৎসাপত্র প্যাডে বিএমডিসি এর রেজি নং উল্লেখ করবেন এবং বিএমডিসি এর স্বীকৃত কোন ডিগ্রী বা কোন অসম্পূর্ণ ডিগ্রী (ফাইনাল পার্ট, থিসিস, কোর্স ইত্যাদি) ব্যবহার করা যাবে না। পরিদর্শন টীম পরিদর্শনকালে বিষয়টি নিশ্চিত করবেন।

৭। ব্যবস্থাপত্রে ঔষধের নাম Capital Letter এ লিখতে হবে।

৮। সিটিজেন চার্টার, ইউজার ফি, প্রতিদিনের ব্যবহার্য সরকারি ঔষধের তালিকা দৃশ্যমান স্থানে টাঙ্গানোর ব্যবস্থা করতে হবে।

৯। ইনডোরে রোগী ভর্তির ক্ষেত্রে DHIS2 -তে অবশ্যই এন্ট্রি দিতে হবে।

(ডাঃ মোহাম্মাদ আমিনুল ইসলাম)
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
শাহজাদপুর, সিরাজগঞ্জ।
তারিখঃ- ২৪/০১/২০২১ইং

স্মারক:-স্বাস্থ্য/শাহ/প্রশা/২১/ ৬-৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

২। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৩। পরিচালক (স্বাস্থ্য) রাজশাহী বিভাগ, রাজশাহী।

৪। সিভিল সার্জন, সিরাজগঞ্জ।

৫। আবাসিক মেডিকেল অফিসার, অত্র কার্যালয়।

৬। অফিস কপি।

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
শাহজাদপুর, সিরাজগঞ্জ

২৪/০১/২১